ঝিনাইদহে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালন

‘দুর্নীতির বিরুদ্ধে তারুণ্যের একতা: গড়বে আগামীর শুদ্ধতা’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালিত হয়েছে।

আজ সোমবার (৯ডিসেম্বর) সকালে জেলা দুর্নীতি দমন কমিশন সমন্বিত কার্যালয়ের উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে জাতীয় সংগীতের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

পতাকা উত্তোলন শেষে বেলুন উড়িয়ে দিবসটি উদ্বোধন করা হয়। পরে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের মহাসড়কে মানববন্ধন কর্মসূচী পালিত হয়। এতে সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় অতিরিক্ত জেলা প্রশাসক বকুল চন্দ্র কবিরাজ, অতিরিক্ত পুলিশ মুন্না বিশ্বাস, দুর্নীতি দমন কমিশন ঝিনাইদহ সমন্বিত জেলা কার্যালয়ের উপ-পরিচালক তরুন কান্তি ঘোষ, সরকারি কেসি কলেজের প্রাক্তণ অধ্যক্ষ ড. বি এম রেজাউল করিমসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। সেসময় বক্তারা, দুর্নীতির বিরুদ্ধে সকলকে একসাথে কাজ করার আহ্বান জানান।

দামুড়হুদায় আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালন

দামুড়হুদায় আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উপলক্ষে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (৯ ডিসেম্বর) সকাল সাড়ে ৯ টায় “দুর্নীতির বিরুদ্ধে তারুণ্যের একতা, গড়বে আগামী শুভ্রতা “এই স্লোগানকে সামনে রেখে

দুর্নীতি দমন কমিশন সমন্বিত কার্যালয় ঝিনাইদহ, উপজেলা প্রশাসন দামুড়হুদা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি দামড়হুদার যৌথ আয়োজনে প্রথমে উপজেলা চত্বরে মানববন্ধন এবং পরবর্তীতে পরিষদের সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি আশরাফুল হক উলুমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) ও সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান।

এখনো পর্যন্ত কেন এই দুর্নীতির বিরুদ্ধে নাগামটানা সম্ভব হলো না সে সম্পর্কে বক্তব্য দিতে গিয়ে তিনি বলেন দুর্নীতি একটা মরণ ব্যাধির মতো সমস্যা, এটাতো আমার বুদ্ধি জ্ঞান হওয়ার পর থেকেই জেনে আসছি, ছোটকাল থেকেই মানুষের অন্তরস্থলে দুর্নীতি ঢুকে পড়ে, সবলরা দুর্বলদের উপর প্রভাব বিস্তার করে, দুর্বলদের ঠেলে ফেলে দেয় এবং সমাজে হেয় প্রতিপন্ন করে। যারা আমরা সরকারি চাকুরি করি এটা আমাদের দায়িত্ব মনে না করে ক্ষমতার অপব্যবহার করি সেক্ষেত্রে প্রাতিষ্ঠানিকভাবে নানা রকম বৈষম্যর সৃষ্টি হয়। সেজন্য আমাদের এই মরণব্যাধি দুর্নীতি থেকে বের হয়ে আসতে হবে। দুর্নীতি হলো একটা বৈষম্য, সামষ্টিকভাবে দুর্নীতি প্রতিরোধ প্রতিরোধ করার জন্য সামাজিক সচেতনতা বাড়াতে হবে ও জোরালো প্রতিরোধ গড়ে তুলতে হবে। হয়তো আমরা সমাজ থেকে দুর্নীতি চিরতরে নির্মূল করতে পারব না কিন্তু সমতা সৃষ্টি করা যেতে পারে। আমাদের এই দেশটা দুর্বল শ্রেণীর লোকদের নিয়ে স্বাধীন হয়েছে, সেজন্য কৃষকদের সম্মান করতে হবে,নারীদের সম্মান করতে হবে, শ্রমিকদের সঠিক সময়ে ন্যায্য মজুরি প্রদান করতে হবে, অসহায়দের সহায় হয়ে পাশে দাঁড়াতে হবে, তাহলে আমরা একটি দুর্নীতি মুক্ত সুন্দর সমাজ ও বাংলাদেশ গড়তে পারবো।

আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের প্রভাষক মিল্টন কুমার সাহার সঞ্চালনায় এ সময় আরো উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, কার্পাসডাঙ্গা ডিগ্রী কলেজের অধ্যক্ষ হামিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান, প্রাণিসম্পদ কর্মকর্তা নিলিমা আক্তার হ্যাপি, মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, সমবায়

কর্মকর্তা হারুন অর রশিদ, একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, ফায়ার সার্ভিসের ভারপ্রাপ্ত স্টেশন মাস্টার আব্দুল মান্নান, উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ, শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ, ধর্মীয় উপাসনালয়ের প্রতিনিধিবৃন্দ, রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সুধী সমাজের নেতৃবৃন্দ, রোভার স্কাউটের নেতৃবৃন্দ ও বিভিন্ন স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীবৃন্দ।

কুষ্টিয়ায় আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালিত

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা বলেছেন, আইন করে দুর্নীতি বন্ধ করা সম্ভব নয়। সবাইকে সচেতন হতে হবে, তবেই কেবল দুর্নীতি বন্ধ সম্ভব। তাই যে যার জায়গা থেকে আগামী নতুন প্রজন্মকে নৈতিকতা শিক্ষা দিয়ে আপনার সন্তানকে মানুষের মতো মানুষ করে তুলতে আহবান জানান।

শনিবার (৯ ডিসেম্বর) সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

জেলা প্রশাসক বলেন, প্রতিটি মানুষের মধ্যেই দুর্নীতি নিমজ্জিত রয়েছে। সমাজ ও দেশকে দুর্নীতিমুক্ত করতে হলে সবার আগে নিজেকে পরিবর্তন করতে হবে। প্রতিটি মানুষকে জবাবদিহীতার আওতায় আনতে হবে। সমাজ দুর্নীতিমুক্ত করতে হলে কঠোর আইন প্রণয়ন করতে হবে।

তিনি আরও বলেন, যে কোনভাবেই হোক দুর্নীতি রুখতে হবে। মুখে নয়, বুকে সাহস নিয়ে দূর্নীতি রুখতে সকল সরকারী কর্মকর্তাদের এগিয়ে আসতে হবে। তবেই বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ গড়ে তোলা সম্ভব হবে।

অনুষ্ঠানে দুর্নীতি দমন কমিশনের সমন্বিত জেলা কার্যালয়ের উপপরিচালক মো. হাফিজুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার তারেক জুবায়ের, কুষ্টিয়া জেলা

দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি রেজানুর রহমান খান চৌধুরী মুকুল, সাধারণ সম্পাদক এসএম কাদেরী শাকিল প্রমুখ।

এরআগে ‘উন্নয়ন, শান্তি ও নিরাপত্তার লক্ষ্যে দুর্নীতির বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ’ এ স্লোগানে জেলা প্রশাসকের কালেক্টর চত্বরে জাতীয় পতাকা উত্তোলনের পর বেলুন উড়িয়ে দিবসের উদ্বোধন করা হয়।

জেলা প্রশাসক, দুর্নীতি দমন কমিশন ও জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি এর আয়োজন করে।